Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১০ পৌষ ১৪৩২

DU in Media

25 December 2025

The Bangladesh Today

The new website of Dhaka University's Science Workshop 'https://www.du.ac.bd/offices/OSW' has been officially inaugurated. Photo: Courtesy

সময়ের আলো

ঢাবি বিজ্ঞান কারখানার নতুন ওয়েবসাইট উদ্বোধন

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কারখানার নতুন ওয়েবসাইটের https://www.du.ac.bd/offices/OSW আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বুধবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ওয়েবসাইট উদ্বোধন করেন।

সে সময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম এবং বিজ্ঞান কারখানার ইনচার্জ অধ্যাপক ড. জুলফিকার হাসান খানসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, বহুতল ভবন নির্মাণ এবং উন্নত ও আধুনিক মেশিন স্থাপনের মাধ্যমে বিজ্ঞান কারখানাকে আধুনিকায়ন করা হবে। নতুন ওয়েবসাইটের মাধ্যমে বিজ্ঞান কারখানার কার্যক্রম আরও স্বচ্ছ, গতিশীল ও আধুনিক হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

আলোকিত বাংলাদেশ

ঢাবি বিজ্ঞান কারখানার নতুন ওয়েবস্যাইট উদ্বোধন

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কারখানার নতুন ওয়েবসাইট https://www.du.ac.bd/offices/OSW আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বুধবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ওয়েবসাইট উদ্বোধন করেন। এ সময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম এবং বিজ্ঞান কারখানার ইনচার্জ অধ্যাপক ড. জুলফিকার হাসান খানসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, বহুতল ভবন নির্মাণ এবং উন্নত ও আধুনিক মেশিন স্থাপনের মাধ্যমে বিজ্ঞান কারখানাকে আধুনিকায়ন করা হবে। নতুন ওয়েবসাইটের মাধ্যমে বিজ্ঞান কারখানার কার্যক্রম আরও স্বচ্ছ, গতিশীল ও আধুনিক হবে বলে তিনি আশা প্রকাশ করেন। (প্রেস বিজ্ঞপ্তি) সংবাদ বিজ্ঞপ্তি

The New Age

Dhaka University's faculty of pharmacy and the Healthcare Chemicals Limited sign a memorandum of understanding at the dean's office of the faculty at the DU on Wednesday. — Press release

DU pharmacy, Healthcare Chemicals sign memo

Staff Correspondent

A MEMORANDUM of understanding was signed between Dhaka University's faculty of pharmacy and the Healthcare Chemicals Limited at the dean's office of the faculty at the DU on Wednesday, enhancing industry-academia collaboration.

Dean of the faculty of pharmacy, Professor Md Selim Reza, and managing director of Healthcare Chemicals Limited, Md Halimuzzaman, signed the MoU on their respective behalf, said a press release.

The MoU ceremony was attended by, among others, chairperson of the department of pharmacy, Professor Zakir Ahmed Chowdhury; chairperson of the department of pharmaceutical chemistry, Professor Shayla Kabir; chairperson of the department of pharmaceutical technology, Professor Muhammad Rashedul Islam, and professor of the department of pharmaceutical chemistry, Md Abdur Rashid.

According to the MoU, Dhaka University faculty of pharmacy and Healthcare Chemicals Limited will conduct joint research and training activities and exchange information and data on innovation and technology.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

বণিক বার্তা

তারেক রহমানকে নিয়ে বইয়ের প্রকাশনা অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক ■

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তনকে স্বাগত জানিয়ে লেখক-সাংবাদিক মারুফ মল্লিক ও এহসান মাহমুদের সম্পাদনায় 'আমি কোনো আগন্তুক নই' বইয়ের প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা ৩টায় বাংলা একাডেমির শামসুর রাহমান মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানের আয়োজক ছিল প্রকাশনা প্রতিষ্ঠান আদর্শ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আদর্শের প্রধান নির্বাহী মাহবুবুর রহমান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন লেখক ও নির্মাতা দীপান্ত রায়হান।

'আমি কোনো আগন্তুক নই'—বইয়ে নিবন্ধ লিখেছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর, আমীর খসরু মাহমুদ চৌধুরী, ড. আ ন ম এহছানুল হক মিলন, হুমায়ুন কবির, একেএম ওয়াহিদুজ্জামান, গাজী তানজিয়া, ফারুক ওয়াসিফ, ড. মারুফ মল্লিক, মাহবুব মোর্শেদ, সালাহ উদ্দিন শুভ্র, এহসান মাহমুদ, জব্বার আল নাঈম, সালাহউদ্দিন আহমেদ রায়হান ও রাসেল রায়হান। ছড়া-কবিতা লিখেছেন আবু সালেহ, এনায়েত রসুল, আবদুল হাই শিকদার ও রেজাউদ্দিন স্টালিন।

অনুষ্ঠানে উপস্থিত লেখকরা বলেন, তারেক রহমান কেবল একটি দলের নেতা নন। তিনি বাংলাদেশের সর্বস্তরের মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতীক। প্রায় দীর্ঘ ১৮ বছর পর তার আগমনকে তাই আমরা স্বাগত জানাতে এসেছি।

এ সময় বক্তব্য দেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী, বাসসের ব্যবস্থাপনা পরিচালক মাহবুব মোর্শেদ, অধ্যাপক আবদুল্লাহ আল মামুন, প্রকাশক সাঈদ বারী, সাংবাদিক ও কথাসাহিত্যিক এহসান মাহমুদ, কলামিস্ট রায়হান সালাহউদ্দিন আহমেদ রায়হান, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন, সাংবাদিক সালাহ উদ্দিন শুভ্র, কবি জব্বার আল নাঈম, কবি রায়হান রাসেলসহ অন্যরা।

'আমি কোনো আগন্তুক নই' বইয়ের প্রকাশনা অনুষ্ঠান আয়োজন করে 'আদর্শ' ছবি : নিজস্ব আলোকচিত্রী

যুগান্তর

ঢাবিতে ভাসানী বিষয়ক দুদিনের সম্মেলন সমাপ্ত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (কারাস)-এর উদ্যোগে আয়োজিত 'ডি-উপনিবেশায়ন ও মওলানা ভাসানী' শীর্ষক দুদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শেষ হয়েছে। বুধবার বিকালে মওলানা ভাসানীকে নিয়ে সৌমিত্র দস্তিদারের প্রামাণ্যচিত্র প্রদর্শনী এবং সমাপনী বক্তব্যের মাধ্যমে এই সম্মেলন শেষ হয়। এর আগে সকাল থেকে অ্যাকাডেমিক আলোচনা, প্যানেল আলোচনা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী ও ফারাক্কা লং মার্চ পর্যালোচনা অনুষ্ঠিত হয়।

সম্মেলনের দ্বিতীয় ও শেষ দিনের শুরুতে বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আজমের সভাপতিত্বে মওলানা ভাসানীর বিশ্বদর্শনবিষয়ক প্রবন্ধ উপস্থাপিত হয়। প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গবেষক শিক্ষক ড. আকমল হোসেন ও ড. আফজালুল বাসার। প্রবন্ধ উপস্থাপনকালে তারা বর্তমান সমাজ এবং রাষ্ট্রব্যবস্থায় ভাসানীর চিন্তা ও দর্শনের প্রাসঙ্গিকতা তুলে ধরেন।

পরবর্তী সময়ে ইউনিভার্সিটি ব্রুনাই দারুসসালাম-এর সহযোগী অধ্যাপক ড. ইফতেখার ইকবালের সভাপতিত্বে 'ডি-উপনিবেশায়ন ও মওলানা ভাসানী' শীর্ষক আরেকটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। এতে আলোচক হিসাবে উপস্থিত ছিলেন দৈনিক যুগান্তরের সম্পাদক আবদুল হাই শিকদার ও অর্থনীতিবিদ ড. মাহবুব উল্লাহ। প্যানেল আলোচনায় ভাসানীর জীবনের আলোকোজ্জ্বল নানা অধ্যায় তুলে ধরেন তারা।

দুপুরের পরে কারাস গবেষক দল পরিচালিত 'ফিরে দেখা ফারাক্কা লংমার্চ' শীর্ষক একটি বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়, যেখানে ফারাক্কা লংমার্চে অংশ নেওয়া এনামুল হক ও আফজালুল বাসার আলোচনা করেন।

দুদিনব্যাপী এই সম্মেলনের মাধ্যমে দক্ষিণ এশিয়ায় ডি-উপনিবেশায়ন প্রক্রিয়া এবং মওলানা ভাসানীর রাজনৈতিক ও আধ্যাত্মিক দর্শনের গুরুত্ব নতুনভাবে উন্মোচিত হয়েছে বলে প্রত্যাশা আয়োজকদের।

এর আগে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সম্মেলনটি শুরু হয়। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন—প্রবীণ শিক্ষাবিদ ও ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার, অধ্যাপক [illegible] কামাল, ইউনিভার্সিটি ব্রুনাই দারুসসালাম-এর সহযোগী অধ্যাপক ড. ইফতেখার ইকবাল ও কারাস-এর পরিচালক অধ্যাপক ড. [illegible] হোসেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে বুধবার মওলানা ভাসানীকে নিয়ে আয়োজিত প্যানেল ডিসকাশনে বক্তব্য করছেন অধ্যাপক ড. মাহবুব উল্লাহ। পাশে যুগান্তর সম্পাদক কবি আবদুল হাই শিকদার যুগান্তর